

# এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ আজ

উচ্চমাধ্যমিক (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফল আজ প্রকাশ হচ্ছে। সকাল সাড়ে ১০টায় শিক্ষামন্ত্রী দীপু মনি সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে এ পরীক্ষার ফলের সারসংক্ষেপ প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দেবেন। এরপর দুপুরে সংবাদ সম্মেলন করে ফলাফলের বিস্তারিত তুলে ধরবেন শিক্ষামন্ত্রী।

ঢাকা শিক্ষা বোর্ড থেকে বলা হয়েছে, ‘বেলা সাড়ে ১১টায় ‘এইচএসসি পরীক্ষা ২০২২’-এর ফল স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে এবং অনলাইনে একযোগে প্রকাশিত হবে। স্ব-স্ব প্রতিষ্ঠানের রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।’

ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে  
([www.dhakaeducationboardresults.gov.bd](http://www.dhakaeducationboardresults.gov.bd))  
রেজাল্ট  
কর্নারে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের উওওঘ এন্ট্রি করে  
প্রতিষ্ঠানভিত্তিক রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।  
এছাড়া [www.dhakaeducationboardresults.gov.bd](http://www.dhakaeducationboardresults.gov.bd)  
ওয়েবসাইটে ক্লিক করে রোল ও রেজিস্ট্রেশন নম্বরের  
মাধ্যমে রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।

পরীক্ষার ফল প্রকাশের পর সেলফোনে এসএমএসের মাধ্যমে ফল সংগ্রহ করা যাবে। HSC Board name (first 3 letters) Roll Year টাইপ করে ১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে।

ঢাকা শিক্ষা বোর্ডের অফিস আদেশে জানানো হয়, সংশ্লিষ্ট  
প্রতিষ্ঠানগুলোকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত ফলাফল  
ডাউনলোড করে প্রকাশ করার জন্য  
[www.dhakaeducationboardresults.gov.bd](http://www.dhakaeducationboardresults.gov.bd) ওয়েবসাইটের

রেজাল্ট কর্নারে ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের উওওঘ এর মাধ্যমে ফল ডাউনলোড করার পরামর্শ দেয়া হলো।

গত বছরের ৬ নভেম্বর সারা দেশে একযোগে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। এ পরীক্ষায় মাটি ১২ লাখ তিন হাজার ৪০৭ পরীক্ষার্থী অংশ নেয়। মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ছয় লাখ ২২ হাজার ৭৯৬ জন এবং ছাত্রী পাঁচ লাখ ৮০ হাজার ৬১১ জন।

মোট পরীক্ষার্থীর মধ্যে ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসিতে ৯ লাখ ৮৫ হাজার ৭১৩ পরীক্ষার্থী অংশ নিয়েছে। এরমধ্যে ছাত্র পাঁচ লাখ ৮২ হাজার ১৮৩ জন এবং ছাত্রী পাঁচ লাখ তিন হাজার ৫৩০ জন।

আর মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম পরীক্ষায় মোট ৯৪ হাজার ৭৬৩ জন শিক্ষার্থী অংশ নিয়েছে। এর মধ্যে ছাত্র ৫১ হাজার ৬৯৫ জন এবং ছাত্রী ৪৩ হাজার ৬৮ জন।

এছাড়া কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় এক লাখ ২২ হাজার ৯৩১ জন অংশ নেয়। এরমধ্যে ছাত্র ৮৮ হাজার ৯১৮ জন এবং ছাত্রী ৩৪ হাজার ১৩ জন।

## আরও খবর

রাষ্ট্রপতি কে হচ্ছেন,  
জানতে বাড়লো  
অপেক্ষার পালা

আ-মরি বাংলা ভাষা

কেউ আছেন, শুনতে  
পাচ্ছেন? প্রাণের খেঁজে  
উদ্ধারকমীরা

---

ঢাকার বায়ুদূষণ  
বিপজ্জনক, অত্যন্ত  
লজ্জার, বললেন ওবায়দুল  
কাদের

---

কোন বাংলাদেশি  
হতাহতের খবর নেই

---

যুদ্ধবিধস্ত সিরিয়ায় নতুন  
সংকট

---

কী কারণে এত ভয়াবহ  
ছিল তুরস্ক-সিরিয়ার  
ভূমিকম্প

---

রহিমা বেগম ‘অপহরণ  
নাটক’ সা